গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
(সিগন্যাল এন্ড টেলিকম শাখা)
রেলভবন, ঢাকা
www.railway.gov.bd

নং-৫৪.০১.০০০০.৫০২.১৫.০০২.১৬- ১৭৮

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ। ২০ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ে ইনোভেশন টিম কর্তৃক ১২.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

১২.০৪.২০১৭ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ রেলওয়ে ইনোভেশন টিম এর এক সভা অতিঃ সিএসটিই (টেলিকম) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা নিম্নে দেওয়া হলো।

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১। | জনাব মোঃ রাকিব উদ্দিন | অতিঃ সিএসটিই/টেলিকম |
| ০২। | জনাব মোঃ সাদিকুর রহমান | এসপিএলও-১ |
| ০৩। | জনাব মোঃ আনোয়ার হোসেন | উপ-পরিচালক/প্রকৌশল |
| ০৪। | জনাব মুঃ আবুল বাসার | সহকারী পরিচালক (আইটি) |

সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় চলতি বছরের বার্ষিক কর্মপরিকল্পনা ও তার অগ্রগতি নিয়ে বিশদ আলোচনা হয়। সভায় বিষয়ভিত্তিক আলোচনা ও এতদবিষয়ক সিদ্ধান্ত ছক আকারে নিম্নে দেওয়া হলো।

| ক্র: নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়ন কাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১ | ট্রেন ট্রাকিং ও মনিটরিং সিস্টেম (TTMS) বর্ধিতকরণ | আরো ১০টি ট্রেনে/লোকোমোটিভ এ TTMS চালু করা। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | শূন্য | চলতি পঞ্জিকা বছরে আরো ১০টি ট্রেনে Train Tracking & Monitoring System সেবাটি বর্ধিত করণের ব্যবস্থা গ্রহণের জন্য সিএসটিই (টেলিকম) বরাবর অনুরোধসহ পত্র প্রেরণ করতে হবে। |
| ২ | অনলাইন টিকিটিং এর পরিধি বৃদ্ধিকরণ (e-Ticketing system) | ১০টি নতুন স্টেশনকে অনলাইন টিকিটিং সিস্টেমের আওতায় আনা। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | শূন্য | চলতি পঞ্জিকা বছরে আরও ১০টি স্টেশনকে অনলাইন টিকিটিং সিস্টেম (e- Ticketing system) এর আওতায় আনার ব্যবস্থা গ্রহণের জন্য অতিঃ মহাপরিচালক (অপারেশন) বরাবর অনুরোধসহ পত্র প্রেরণ করতে হবে। |
| ৩ | বাংলাদেশ রেলওয়েতে ওয়াই-ফাই সেবা বর্ধিতকরণ | ১০টি রেলওয়ে স্টেশনে ফ্রি ওয়াই-ফাই সেবা চালু করা। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | শূন্য | চলতি পঞ্জিকা বছরে বাংলাদেশ রেলওয়েতে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের মোট (৫+৫) = ১০টি রেলওয়ে স্টেশনে ওয়াই-ফাই নেটওয়ার্ক বর্ধিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সিএসটিই (টেলিকম) বরাবর অনুরোধসহ পত্র প্রেরণ করতে হবে। |
| ৪ | সিসি টিভি সিস্টেম বর্ধিতকরণ | (ক) পূর্বাঞ্চলের আরো ০৫ টি রেলওয়ে স্টেশনে এবং ০১ টি স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন করা। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | ৫০% | চলতি পঞ্জিকা বছরে বাংলাদেশ রেলওয়েতে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের মোট (৫+৫) = ১০টি রেলওয়ে স্টেশনে এবং (১+১) = ২টি রেলওয়ে স্থাপনায় সিসিটিভি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | (খ) পশ্চিমাঞ্চলে আরো ০৫টি রেলওয়ে স্টেশনে এবং ০১টি স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন করা। | | | স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই পর্যন্ত পূর্বাঞ্চলে (২+১) = ৩ টি ও পশ্চিমাঞ্চলে (২+১) = ৩ টি সিসিটিভি স্থাপন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সিএসটিই (পূর্ব ও পশ্চিম) কে অনুরোধসহ পত্র প্রেরণ করতে হবে। |
| ৫ | আন্তঃনগর ট্রেনের কন্ডাক্টর-গার্ড, এ্যাটেনডেন্ট এবং খাবার গাড়ীর কর্মচারীদের সুন্দর ব্যবহার বিষয়ে সেমিনার/সভার আয়োজন। | ২০১৭ সালে ০২টি সেমিনার/সভার আয়োজন করা। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | শূন্য | আন্তঃনগর ট্রেনের কন্ডাক্টর-গার্ড, এ্যাটেনডেন্ট এবং খাবার গাড়ীর কর্মচারীদের সম্মানিত যাত্রী সাধারণের সাথে সুন্দর ব্যবহার দেখানোর বিষয়ে সেমিনার/ সভা আয়োজন করার নিমিত্ত এডিজি (অপারেশন) এবং এডিজি (আরএস) মহোদয় বরাবর অনুরোধসহ পত্র প্রেরণ করতে হবে। |
| ৬ | মৈত্রী ট্রেনের টিকিট অনলাইনে প্রাপ্তির ব্যবস্থা। | ভারত- বাংলাদেশের মধ্যে চলাচলকৃত আন্ত:দেশীয় ট্রেনের টিকিট অন লাইনে কাটার ব্যবস্থা করা। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | শূন্য | অনলাইনে মৈত্রী ট্রেনের টিকিট বিক্রয় এর ব্যবস্থা গ্রহণ করতে এডিজি (অপারেশন) কে অনুরোধ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭ | মোবাইল Apps এর প্রবর্তন | মোবাইল Apps এর মাধ্যমে যাত্রী সুবিধা সংক্রান্ত তথ্য প্রদান। | ০১.০১.২০১৭ হতে ৩১.১২.২০১৭ | শূন্য | যাত্রী সেবায় মোবাইল Apps প্রবর্তনে যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য এডিজি (অপারেশন) কে অনুরোধ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৪/২০১৭
(মোঃ রাকিব উদ্দিন)
ইনোভেশন অফিসার
ও
অতিঃ সিএসটিই (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

অনুলিপিঃ (ক) সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিঃ মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। অতিঃ মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪। অতিঃ মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

(খ) অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। এসপিএলও-১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। উপ-পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। উপ-পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (টিটি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬। আইসিটি সেল, বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে আপলোডের অনু. হলো।